যে ব্যক্তি তার ঋতুবর্তী স্ত্রীর সাথে সঙ্গম করলো, তার সম্পর্কে নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেন, সে এক দীনার বা অর্ধ দীনার দান-খয়রাত করবে।

ইবন ‘আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, যে ব্যক্তি তার ঋতুবর্তী স্ত্রীর
সাথে সঙ্গম করলো, তার সম্পর্কে নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেন, সে এক
দীনার বা অর্ধ দীনার দান-খয়রাত করবে। [সহীহ] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন। - এটি দারিমী বর্ণনা করেছেন]

এ হাদীসটিতে যে ব্যক্তি তার ঋতুবর্তী স্ত্রীর সাথে সঙ্গম করলো তার কাফ্ফারা বিষয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়সাল্লাম বর্ণনা করেছেন। আর তা হলো এক দীনার বা অর্ধ দীনার সাদকা করা। আর হাদীসটি থেকে ঋতুবর্তী স্ত্রীর সাথে সঙ্গম করা হারাম হওয়ার বিষয়টি জানা গেল। কারণ, তিনি তার ওপর কাফ্ফার নির্ধারণ করেছেন। আর হাদীসটি সদকা করা ওয়াজিব হওয়ার ওপরও প্রমাণ। কারণ, তা গুনাহের বিপরীতে বলা হয়েছে।

http://sunnah.global/hadeeth/bn/show/10012